গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ইন্দুরকানী, পিরোজপুর
www.indurkani.pirojpur.gov.bd

## উপজেলা আইসিটি বিষয়ক কমিটি ডিসেম্বর/১৯ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | বশির আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, ইন্দুরকানী, পিরোজপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ৩০ জানুয়ারি, ২০২০ খ্রিঃ, বেলা ১১.৩০ টা। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-"ক" |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, উন্নত দেশের মত প্রযুক্তির উপযুক্ত ব্যবহার ও দেশের অব্যাহত উন্নয়ন নিশ্চিত করার জন্য তথ্য প্রযুক্তি সম্পর্কিত গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে উপজেলা আইসিটি কমিটি গঠন করা হয়েছে। এক্ষেত্রে উপজেলা আইসিটি বিষয়ক কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

১. **ইউডিসি পরিদর্শন সংক্রান্ত:**

**১.১: উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী প্রোগ্রামার কর্তৃক পরিদর্শন/দর্শন:**

| ক্রমিক | কর্মকর্তার পদবী | শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন | ইউডিসি পরিদর্শন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | ০ টি | ০ টি |
| ০২ | সহকারী প্রোগ্রামার | ২ টা | ০২ টি |

২. **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয় সেবা প্রদান**

| ক্রমিক | কর্মকর্তার পদবী | ই-নথি | ওয়েব পোর্টাল | ব্রডব্যান্ড ইন্টারনের | অন্যান্য সেবা | মোট সেবা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী প্রোগ্রামার | ৯ টি অফিস | ৬ টা অফিস | ১৬ টি অফিস | ২৬ টি অফিস | ৫৭ টি |

৩. **ই-নথি কার্যক্রম-**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ইন্দুকানী উপজেলা অক্টোবর মাসে লাইভ সার্ভারে কার্যক্রম শুরু করে। অক্টোবর/২০১৯মাসের নথি কার্যক্রম নিম্নে দেয়া হল।

| চলমান কার্যক্রম | আজকের | গতকালের | অদ্যাবধি |
|---|---|---|---|
| ডাক গ্রহন | ০ | ০ | ১০ |
| নিষ্পন্ন ডাকের সংখ্যা | ০ | ০ | ১০ |
| অনিষ্পন্ন ডাকের সংখ্যা | ০ | ০ | ০ |
| সৃজিত নোট | ০ | ০ | ১২ |
| পত্রজারিতে নিষ্পন্ন নোট | ০ | ০ | ০ |
| নোট নিষ্পন্ন | ০ | ০ | ০ |
| মোট অনিস্পন্ন | ০ | ০ | ০ |
| পত্র জারি | ০ | ০ | ২২ |

৪. **সভার আলোচনা এবং সিদ্ধান্ত**

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪.১ | **উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্যঃ** ডিজিটাল বাংলাদেশ তথা রূপকল্প-২০২১ বাস্তবায়নে সকল তথ্য এক ঠিকানায়-এই লক্ষ্যকে সামনে রেখে জাতীয় তথ্য বাতায়ন তৈরি করা হয়েছে। উপজেলা ওয়েব পোর্টালের রিপোর্টে দেখা যায় যে, ১২(বার) টি অফিস ও ২(দুই) টি ইউনিয়ন ১০০% তথ্য সম্পূর্ণ করা আছে। | নিজ নিজ অফিসের তথ্য বাতায়ন হালনাগাদের জন্য কর্মকর্তাকে তদারকি করার সিদ্ধান্ত হয়। | কারিগরি সহযোগিতায় সহকারী প্রোগ্রামার। |

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪.২ | **ইউনিয়ন ডিজিটাল সেন্টার সংক্রান্তঃ** ইউনিয়ন ডিজিটাল সেন্টারে কর্মরত উদ্যোক্তা নিয়মিত রিপোর্ট আপলোড না করার কারণ হিসাবে উদ্যোক্তাদের নিবন্ধন না থাকা এবং স্বদিচ্ছার অভাব চিহ্নিত করা হয়। | নিয়মিত সেবা প্রদানের তথ্য আপলোড করার সিদ্ধান্ত হয়। | কারিগরি সহযোগিতায় সহকারী প্রোগ্রামার। |
| ৪.৩ | **ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিঃ** একটি আধুনিক, দক্ষ এবং সেবামূলক জনপ্রশাসন গড়ে তুলতে সরকারি কাজে তথ্য-প্রযুক্তি ব্যবহার লক্ষ্যে সরকারি দপ্তরের ই-ফাইল (নথি) ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধির বিষয় আলোচনা হয়। | সকল দাপ্তরিক চিঠিপত্র ই-ফাইলিং সিস্টেমে নিষ্পত্তি করতে হবে। উপজেলা আইসিটি কমিটির সভায় ই-নথি কার্যক্রমের উপর নিয়মিত পর্যালোচনা করতে হবে। যে সকল দপ্তরের ই-নথি সিস্টেম চালু আছে সেসকল দপ্তরের পারফরমেন্স বৃদ্ধি করতে হবে। | কারিগরি সহযোগিতায় সহকারী প্রোগ্রামার। |
| ৪.৪ | **উদ্যোক্তার তথ্যঃ** | প্রতিটি ডিজিটাল সেন্টারে একজন নারী ও একজন পুরুষ উদ্যোক্তা নিয়মিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার। |
| ৪.৫ | **উপজেলা আইসিটি কমিটির সভাঃ** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সংস্থা-১ শাখার ১৪/০৭/২০১৯ খ্রিঃ তারিখের ৫৬.০০.০০০০.০১৯. ৩৮.০২৮.১৬-১১০নং স্মারকের প্রজ্ঞাপন মোতাবেগ উপজেলা আইসিটি কমিটি/ফোরাম গঠন করা হয়েছে। | উপজেলা আইসিটি কমিটির সভায় সকল দপ্তরের আইসিটি বিষয় সমস্যা নিয়ে আলোচনা হচ্ছে। | উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী প্রোগ্রামার। |
| ৪.৬ | **জনসেবায় facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত:** সরকারি প্রতিষ্ঠানে ‘সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা ২০১৬’ এর আলোকে সঠিক ফেসবুক পেজের লিংকসমূহ ওয়েব পোর্টালের ‘সামাজিক যোগাযোগ’ সাব-মেনুতে সংযুক্ত করার নির্দেশনা রয়েছে। এছাড়া ফেসবুক ব্যবহারে নীতিমালা অনুসরণ ও নিরাপত্তার বিষয় সহকারী প্রোগ্রামার সদস্যদের অবগত করেন। | সকল দপ্তরের ফেসবুক পেজ খুলতে হবে এবং উক্ত পেজের লিংকসমূহ ওয়েব পোর্টালের ‘সামাজিক যোগাযোগ’ সাব-মেনুতে সংযুক্ত করার বিষয়টি নিশ্চিত করতে হবে। ফেসবুক ব্যবহারে সতর্কতা অবলম্বন করতে হবে। | স্ব-স্ব দপ্তর প্রধান এবং সহকারী প্রোগ্রামার। |
| ৪.৭ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব**(SRDL) পরিদর্শন সংক্রান্ত:** ইন্দুরকানী উপজেলায় ০২(দুই) টি শিক্ষা প্রতিষ্ঠানে SRDL স্থাপিত আছে। আর নতুন ল্যাব কিভাবে স্থাপন করা যায় এই মর্মে আলোচনা হয়। | নতুন ল্যাব স্থাপন করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে আবেদনের সিদ্ধান্ত হয়। | শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ৪.৮ | **ন্যাশনাল নেটওয়ার্কের ব্যবহার:** উপজেলা পর্যায়ে ইনফো সরকার ২ প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত ব্রডব্যান্ড ইন্টারনেট সরকারী অফিস সমূহ ব্যবহার করছে। | ইন্টারনেট উপযুক্ত ব্যবহারে সবাইকে সচেতন হওয়ার নির্দেশ প্রদান করেন। সংযুক্ত সকল দফতর সার্বক্ষণিক ইন্টারনেট পাচ্ছে বলে জানায়। | স্ব-স্ব দপ্তর এবং সহকারী প্রোগ্রামার। |
| ৪.৯ | **সার্বক্ষনিক ব্রডব্যান্ড ইন্ট্রারনেট চালুরাখা প্রসঙ্গে** | সার্ভার রুমে সোলার সিস্টেম স্থাপন করার চুরান্ত সিদ্ধান্ত হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সহকারী প্রোগ্রামার। |
| ৪.১০ | **ইনফোসরকার-৩ প্রকল্পের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সরবরাহ** | শিক্ষা প্রতিষ্ঠান সমূহ ইন্টারনেটের গুরুত্ব অনুধাবন করে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ গ্রহনে আগ্রহ প্রকাশ করেন। | সহকারী প্রোগ্রামার। |

সভাপতি সকলের সুচিন্তিত মতামত ব্যক্ত করার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বর্তমান সরকার যে সকল কার্যক্রম গ্রহণ করেছে তা মাঠ পর্যায়ে সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। এছাড়াও তিনি ডিজিটাল সেন্টার থেকে স্বল্প মূল্যে কম্পিউটার প্রশিক্ষণ ও সেবা গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান। পরিশেষে, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

স্বাক্ষরিত/-
(বশির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার(অঃ দাঃ)
ইন্দুরকানী, পিরোজপুর।
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি।

স্মারক নং-৫৬.০৪.৭৯৯০.০০০.০৬.০২৩.১৯-০০৬

তারিখঃ ১৫ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, পিরোজপুর।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), পিরোজপুর।
৬। উপজেলা চেয়ারম্যান, ইন্দুরকানী, পিরোজপুর।
৭। ................................................................................, উপজেলা আইসিটি কমিটি, সদস্য।
৮। অফিস নথি।

Chandan ৩০/০১/২০২০

(চন্দন রায়)
সহকারী প্রোগ্রামার
ইন্দুরকানী,পিরোজপুর।
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি।